

**গীতিকবি আবদুল হাই মশরেকী'র জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান**



গীতিকবি আবদুল হাই মশরেকী'র জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে ১ এপ্রিল ২০১৯, সোমবার বেলা ১২ ঘটিকায় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। শ্রদ্ধা-ভালোবাসায় স্মরণ, স্মৃতিচারণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে কবির জন্মবার্ষিকী উদ্যাপন করা হয়। কবি আবদুল হাই মশরেকী বিখ্যাত গান 'আমায় এত রাতে ক্যানে ডাক দিলি', 'আল্লাহ মেঘ দে, পানি দে' সহ বেশ কয়েকটি জনপ্রিয় গান পরিবেশনার মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়।

উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া। আলোচক হিসেবে ছিলেন ভারতের কবি সৈয়দ হাসমত জালাল এবং সাংস্কৃতিক ব্যক্তিত্ব শঙ্কর সাওজাল।

উল্লেখ্য সাংস্কৃতিক অনুষ্ঠানে কবি আবদুল হাই মশরেকীর রচিত ঐতিহ্যবাহী গীতিকবিতা অবলম্বনে গান, নৃত্য ও পুঁথির অবলম্বনে নাটিকা পরিবেশিত হয়। গান, নৃত্য ও নাটিকায় পরিবেশনে অংশগ্রহণ করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সংগীত ও নাট্যকলা বিভাগের শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ। এসময় বিশিষ্ট চিত্রশিল্পী নাজমা আক্তার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।